পাট উৎপাদনে আধুনিক প্রযুক্তির ব্যবহার শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

শামসুল আলম- ঠাকুরগাঁওয়ের রপ্তানিযোগ্য পাট উৎপাদনে আধুনিক প্রযুক্তির ব্যবহার শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
আজ সোমবার (২৪ ফেব্রয়ারি) সদর উপজেলা হলরুমে বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি), বানিজ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ জুট এসোসিয়েশন (বিজেএ) এর যৌথ আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিজেএ’র কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোহাস্মদ ইকবাল হোসেন ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম এতে বিশেষ অতিথি ছিলেন, পাট অধিদপ্তর, দিনাজপুরের সহকারী পরিচালক জনাব মো: মোশাররফ হোসেন।
কিইউ নোট পেপার বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন, পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, বাংলাদেশ পাট গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুরের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মো: রিশাদ আব্দুল্লাহ।
পাট বীজ সংগ্রহ, জমি নির্বাচন, জমি তৈরী, বীজ বপণ, আন্তপরিচর্যা, সার ও বালাই নাশক প্রয়োগ নিয়ে আলোচনা করেন উপজেলার কৃষি অফিসার জনাব মো: নাসিরুল আলম, রিবন রেটিং পদ্ধতির প্রয়োগ ও প্রচলিত পদ্ধতির উন্নত প্রয়োগ বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক জনাব মো: সিরাজুল ইসলাম। পাটের গ্রেডিং সংরক্ষণ ও বাজারজাতকরণ পদ্ধতি বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন পাট অধিদপ্তর দিনাজপুরের পাট উন্নয়ন কর্মকর্তা জনাব অসীম কুমার মালাকার। উপস্থিত ছিলেন বিজেএ, ঢাকা অফিসের উর্ধ্বতন নির্বাহী অফিসার জনাব বিনয় কৃষ্ণ মন্ডল।
কর্মশালাটি সঞ্চালন করেন বিজেএ, ঢাকার উর্ধ্বতন হিসাব রক্ষক জনাব মো: নজরুল ইসলাম এবং আরো উপস্থিত ছিলেন পাট অধিদপ্তর ঠাকুরগাঁও সদর উপজেলার উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জনাব সুজন চন্দ্র বর্মন। এ কর্মশালায় উপজেলার বিভিন্ন গ্রামের ৫০ জন কৃষক-কৃষাণি উপস্থিত ছিলেন।
এসময় পাট চাষে প্রশিক্ষনের গুরুত্ব, পাটের বর্তমান ও ভবিষ্যত নিয়ে বেশকিছু গুরুত্বপুর্ন বিষয় তুলে ধরেন।